

💵 আতৃ তারগীব ওয়াত্ তারহীব

হাদিস নাম্বারঃ ৪৯৪

৫. সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২৯) প্রথম কাতারে নামায পড়ার প্রতি উদ্বুদ্ধ করন এবং কাতার সোজা করা ও কাতারের ডান দিকের ফ্যীলতের বর্ণনা

الترغيب في الصف الأول وما جاء في تسوية الصفوف والتراص فيها وفضل ميامنها

আরবী

(صحيح) و عَنْ أَنسٍ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ سَوُّوا صنُفُوفَكُمْ فَإِنَّ تَسْوِيَةَ الصَّفِّ مِنْ تَمَامِ الصَّلَاةِ .رواه البخاري ومسلم وابن ماجه وغيرهم ورواه أبو داود

বাংলা

৪৯৪. (সহীহ্) আনাস বিন মালেক (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসুলুল্লাহ (সালাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেছেনঃ "তোমরা কাতারগুলো সোজা করে নাও কেননা কাতার সোজা হওয়া নামায পরিপূর্ণ হওয়ার অন্তর্গত।"

(হাদীছটি বর্ণনা করেছেন বুখারী ৭২৩, মুসলিম ৪৩৩ ও ইবনে মাজাহ ৯৯৩ প্রমূখ)

বুখারীর অন্য বর্ণনায় এসেছেঃ

فَإِنَّ تَسْوِيَةَ الصُّفُوفِ مِنْ إِقَامَةِ الصَّلَاةِ

''কেননা কাতার সমূহকে সোজা করা ছালাত প্রতিষ্ঠা করার অন্তর্গত।'' (বুখারী ৭২৩)

(সহীহ্) আবু দাউদের বর্ণনায় এসেছেঃ

رُصُّوا صُفُوفَكُمْ وَقَارِبُوا بَيْنَهَا وَحَاذُوا بِالْأَعْنَاقِ فَوَالَّذِي نَفْسِي بِيَدِهِ إِنِّي لَأَرَى الشَّيْطَانَ يَدْخُلُ مِنْ خَلَلِ الصَّفِّ .كَأَنَّهَا الْحَذَفُ

"পরস্পর মিলিত হয়ে তোমরা কাতারগুলোকে সোজা করে নাও এবং পরস্পরের নিকটবর্তী হয়ে যাও, কাঁধগুলোকে বরাবর করে নাও। শপথ সেই সত্বার যার হাতে আমার প্রাণ, আমি দেখি যে শয়তান কাতারের মধ্যে ফাঁকা জায়গায় ছাগলের ছোট বাচ্চার মত প্রবেশ করছে।"



(হাদীছটি আবু দাউদের ৬৬৭ বর্ণনার অনুরূপ আরো বর্ণনা করেছেন নাসাঈ ও ইবনে খুযায়মা)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন